



*Ain o Salish Kendra (ASK)*

আইন ও সালিশ কেন্দ্র (আসক)


১০ ফেব্রুয়ারি ২০২৬

## সংবাদ বিবৃতি

নির্বাচনের আগে রাজনৈতিক সহিংসতা ও সাংবাদিকদের হয়রানি বৃদ্ধির ক্রমবর্ধমান প্রবণতা

### অপরিবর্তিত: আইন ও সালিশ কেন্দ্র (আসক)-এর উদ্দেশ্য


বাংলাদেশের নির্বাচন কমিশনের ঘোষিত তফসিল অনুযায়ী আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনের দিন ঘনিয়ে আসার সাথে সাথে রাজনৈতিক সহিংসতা এবং এই সহিংসতায় হতাহত বৃদ্ধির ক্রমবর্ধমান প্রবণতা অপরিবর্তিত আছে। গণমাধ্যমে প্রকাশিত সংবাদের ভিত্তিতে আইন ও সালিশ কেন্দ্র (আসক)-এর ডকুমেন্টেশন ইউনিট-এর তথ্য বিশ্লেষণে দেখা যাচ্ছে যে, ২০২৬ সালের জানুয়ারির শেষ ১০ দিনে (২১-৩১ জানুয়ারি) ৪৯টি সংঘর্ষে ৪১৪ জন আহত এবং ৪ জন নিহত হন। আর চলতি ফেব্রুয়ারির প্রথম ১০ দিনে (১-১০ ফেব্রুয়ারি) ৫৮টি সহিংসতার ঘটনায় ৪৮৯ জন আহত এবং ২ জন নিহত হয়েছেন।



### রাজনৈতিক সহিংসতার তুলনামূলক চিত্র

এছাড়াও জানুয়ারি ২০২৬ প্রতি ১০ দিন অন্তরের তথ্য বিশ্লেষণে দেখা যায়, জানুয়ারির প্রথম ১০ (দশ) দিন রাজনৈতিক সহিংসতার মোট ৮টি ঘটনা ঘটে। এই ঘটনাগুলোতে মোট ২৬ জন আহত এবং ৫ জন নিহত হয়। পরবর্তী ১০ দিন অর্থাৎ জানুয়ারির ১১ থেকে ২০ তারিখের মধ্যে মোট সহিংসতার ঘটনা ছিল ১৮টি, এতে আহত হয় ১৭৬ জন এবং নিহত হয় ২ জন। জানুয়ারির শেষ ১০ দিন অর্থাৎ জানুয়ারির ২১ থেকে ৩১ তারিখের মধ্যে মোট সহিংসতার ৪৯টি ঘটনা ঘটে। এতে আহত হয় ৪১৪ জন এবং নিহত হয় ৪ জন।

### সাংবাদিকদের হয়রানির ক্রমবর্ধমান প্রবণতা



গণমাধ্যমে প্রকাশিত সংবাদের ভিত্তিতে আইন ও সালিশ কেন্দ্র (আসক)-এর তথ্য বিশ্লেষণে দেখা যাচ্ছে যে, ডিসেম্বর ২০২৫-এ ১১ জন সাংবাদিক তাদের পেশাগত দায়িত্ব পালন করতে গিয়ে আক্রান্ত হন। জানুয়ারি ২০২৬-এ এই সংখ্যা ছিল ১৬ জন। আর ২০২৬ সালের ফেব্রুয়ারি মাসের প্রথম ১০ দিনে মোট ৪৯ জন সাংবাদিক আক্রান্ত হন। গত ৭ ফেব্রুয়ারি অনলাইন নিউজ পোর্টাল বাংলাদেশ টাইমস পত্রিকার ২১ জন সাংবাদিককে তাদের কর্মসূল থেকে আটক করে সেনা ক্যাম্পে নিয়ে যাওয়া হয়।

আসক একটি মানববিধিকার ও আইনগত সহায়তা কেন্দ্র

Ain o Salish Kendra (ASK) is a human rights and legal aid resource centre in consultative status with UNECOSOC  
2/16, Block-B, Lalmatia, Dhaka-1207, Bangladesh, P.O. Box: 3252, Tel: +88-02-8100192, 8100195, 8100197, Fax: +88-08-8100187  
Email: ask@citechco.net, Website: www.askbd.org



*Ain o Salish Kendra (ASK)*

আইন ও সালিশ কেন্দ্র (আসক)

প্রায় ২ ঘন্টা পর তাদের ছেড়ে দেয়া হয়। সামগ্রিক বিশ্লেষণে দেখা যাচ্ছে ডিসেম্বর ২০২৫ এর তুলনায় জানুয়ারি ২০২৬ রাজনৈতিক সহিংসতার ঘটনা বেশি ঘটেছে। জানুয়ারি ও ফেব্রুয়ারি ২০২৬ মাসের প্রতি ১০ দিন অন্তরের তথ্যের তুলনামূলক বিশ্লেষণে দেখা যাচ্ছে যে, রাজনৈতিক সহিংসতার ঘটনা ক্রমাগতভাবে বাঢ়ছে। এই ঘটনাগুলোতে হতাহতের সংখ্যাও বৃদ্ধি পাচ্ছে। জানুয়ারি ২০২৬ মাসের রাজনৈতিক সহিংসতার ক্রমবর্ধমান প্রবণতা ফেব্রুয়ারি মাসেও অপরিবর্তিত আছে। অর্থাৎ নির্বাচন এগিয়ে আসার সাথে সাথে রাজনীতির মাঠ ক্রমেই সহিংস হয়ে উঠচ্ছে। রাজনৈতিক সহিংসতা বৃদ্ধির সাথে সাথে সাংবাদিক আক্রান্তের হারেও বৃদ্ধির প্রবণতা অপরিবর্তিত আছে।

রাজনৈতিক সহিংসতার ও সাংবাদিক হয়রানির ক্রমাগত বৃদ্ধিতে আসক উদ্বেগ জানাচ্ছে। সংশ্লিষ্ট সকল পক্ষকে আইনের প্রতি শ্রদ্ধাশীল থাকার আহ্বান জানাচ্ছে আসক। বাংলাদেশের সংবিধানের ৩২ অনুচ্ছেদে প্রত্যেক নাগরিকের জীবন ও ব্যক্তি-স্বাধীনতার অধিকার প্রদান করা হয়েছে। আসক সংশ্লিষ্ট সকল পক্ষকে আইন ও মানবাধিকারের প্রতি শ্রদ্ধাশীল থেকে তাদের কার্যক্রম পরিচালনার আহ্বান জানাচ্ছে। আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে জনগণ নির্বিঘ্নে ও নিরাপদে তাদের ভোটাধিকার চর্চা করতে পারবে বলে আসক আশা প্রকাশ করছে।

আসক একটি মানবাধিকার ও আইনগত সহায়তা কেন্দ্র

Ain o Salish Kendra (ASK) is a human rights and legal aid resource centre in consultative status with UNECOSOC  
2/16, Block-B, Lalmatia, Dhaka-1207, Bangladesh, P.O. Box: 3252, Tel: +88-02-8100192, 8100195, 8100197, Fax: +88-08-8100187  
Email: ask@citechco.net, Website: www.askbd.org